দৈনিক
ইত্তেফাক

তারিখ 03 MAR 2016
পৃষ্ঠা ...২...৬ কলাম ...২...

# কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক সেমিনার

ত্রিশাল (ময়মনসিংহ) সংবাদদাতা॥

গতকাল বুধবার জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক সেমিনার অন ইউজেজ অব ইলেক্ট্রনিক রিসোর্স এন্ড ডেটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেমস সিনারিওস ইন দি ইউনিভার্সিটি লাইব্রেরিস অব বাংলাদেশ শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। এ সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখেন কবি নজরুল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোহীত উল আলম। বিশেষ অতিথির বক্তব্য রাখেন ট্রেজারার প্রফেসর এ এম এম শামসুর রহমান। ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের প্রভাষক সাখাওয়াত জামিল সৈকতের পরিচালনায় ও কলা অনুষদের ডিন ও কেন্দ্রীয় গ্রন্থাগার উন্নয়ন প্রজেক্টের সাব প্রজেক্ট ম্যানেজার প্রফেসর ড.মাহবুব হোসেনের সভাপতিত্বে স্বাগত বক্তব্য ও মূল প্রবন্ধ উপস্থাপন করেন রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) গ্রন্থাগারিক ও কেন্দ্রীয় গ্রন্থাগার উন্নয়ন প্রজেক্টের ডেপুটি সাব প্রজেক্ট ম্যানেজার ফজলুল কাদের চৌধুরী প্রমুখ।